

গুগল ফিউশন টেবলস

ফিউশন টেবল-এর সাহায্যে আপনার পক্ষে এমএসএক্সেল-এর মত স্প্রেডশিট সফটঅ্যারের চাইতে অনেক ভালভাবে বিপুল পরিমাণে উপাত্তের সূচী ব্যবস্থাপনা সম্ভব। এসব ডাটাকে দেখা, ভিজুয়লাইজ করা, মার্জ করা এবং অন্যদের সঙ্গে এগুলো নিয়ে আলোচনা করা, সবই সম্ভব করবে গুগল ফিউশন টেবলস। কীভাবে? আসুন জানা যাক **অরিন্দম পাল**-এর কাছ থেকে।

গুগলের জাদুর কারখানা, মানে তাদের অফুরন্ত মেধার লালনকেন্দ্র গুগল ল্যাবস থেকে অতি সম্প্রতি নতুন একটি চমক প্রকাশ করা হয়েছে, আর এ চমকের নাম গুগল ফিউশন টেবলস (Fusion Tables)। গুগল ফিউশন টেবলসকে দেখছে ক্লাউড কম্পিউটিং-এ উপাত্ত ব্যবস্থাপনার একটি পদ্ধতি হিসেবে, যদিও এখনও বেটা পর্যায়েই আছে ফিউশন টেবলস। এর সাহায্যে উপাত্তকে ভিজুয়লাইজ করার মাধ্যমে এগুলোকে সঠিকভাবে ব্যবস্থাপনা করা যাবে। বর্তমানে এর সাহায্যে ব্যবহারকারীরা CSV অথবা স্প্রেডশিট ফরম্যাট ফাইল হিসেবে উপাত্তকে আপলোড করতে পারছে অনলাইনে। প্রতি ব্যবহারকারী টেবল প্রতি পাচ্ছেন সর্বোচ্চ ১০০ মেগাবাইট, সব মিলিয়ে প্রতি ব্যবহারকারীর জন্য বরাদ্দ আছে ২৫০ মেগাবাইট। আপনি যদি ফিউশন টেবলে কোনো স্প্রেডশিট আপলোড করেন তাহলে চার্ট বা ম্যাপের আকারে সেই স্প্রেডশিটকে দেখতে পারবেন সঙ্গে সঙ্গেই। একই রকম entity বিশিষ্ট অন্যান্য টেবলের সঙ্গে টেবলগুলো মার্জও করা

এমবেড করতে পারেন।

কিভাবে ব্যবহার করতে হবে

ফিউশন টেবল ব্যবহার করা খুবই সহজ। উপরে যে ওয়েব ঠিকানাটি দেয়া হল সেটিতে যান এবং আপনার গুগল আইডি দিয়ে সাইন ইন করুন। এবার কাজ শুরু করার জন্য এখানে আগে থেকে রাখা পাবলিক টেবল-এর মধ্যে ব্রাউজিং শুরু করতে পারেন, অথবা ক্লিক করতে পারেন New Table-এ। ক্লিক করলেই এসে হাজির হবে 'ইমপোর্ট নিউ টেবল' নামে একটি উইজার্ড (Import New Table Wizard)। এবার আপনি যে ফাইলটি আপলোড করতে চান সেটি বাছাই করুন,

তথ্য কণিকা

গবেষণায় দেখা গেছে, যেসব গাছে মাঝে মাঝে হাত বুলানো বা আদর করা হয় সেগুলো অন্যগুলোর চাইতে বেশি দ্রুত বাড়ে।

অথবা গুগল ডকস (Google Docs) থেকেও স্প্রেডশিট ইমপোর্ট করে নিয়ে আসতে পারেন। এখন, উপাত্তের ধরনের ওপর নির্ভর করে আপনি Visualize অপশন থেকে গ্রাফ বা ম্যাপ তৈরি করতে পারেন। এ টেবলকে অন্য কোনো টেবলের সঙ্গে মার্জ করার জন্য ক্লিক করতে হবে Merge অপশনে। এখানে শিটের মধ্যে বিভিন্ন কলাম দেখতে পাবেন, শিটের মধ্যে যে কমন কলাম আপনি মার্জ করতে চান সেটিকে বেছে নিন। এবার দ্বিতীয় টেবলটি বেছে নিন অথবা ওয়েব ঠিকানা দিন। আবার মার্জ করার জন্য কলাম বেছে নিন। নতুন টেবলের জন্য একটি নাম দিন এবং Merge Tables বাটনে ক্লিক করুন।

রিয়েল টাইমে শেয়ার এবং কোলাবরেট করুন সহযোগী (কোলাবরেটর)-দের দেখতে, কলাম

Mammals	Birds
11	13
2	7
Cell value: 15	8
alonghalevy(3 minutes ago) Jayant, do you know if this number includes the latest finding from Dr. Gonzalez?	2
Jayant(1 minute ago) No, I don't think so. The number should be more like 23.	0
Cell value: 23	13
Ok, I changed it. Thanks.	0
Save Close Refresh	1
	5
	11
	5
	15
	5
	8
	4
	1

যোগ করতে বা এডিট করতে আমন্ত্রণ জানান: আপনি যেসব ব্যক্তির সঙ্গে টেবল শেয়ার করতে


চান তাদের ইমেইল ঠিকানাটা দিন এবং আমন্ত্রণ জানান।

কখন আপনার ডাটা টেবলকে অন্য টেবলের সঙ্গে মার্জ করবেন: অন্য কোনো টেবলেও যদি একই - গুলো সম্বন্ধে তথ্য থাকে, তাহলে টেবলগুলোকে মার্জ করে সব তথ্য এক জায়গাতে দেখতে পারেন। যখনই কোনো টেবল আপডেট করা হবে, মার্জ করা টেবলের মধ্যেও ডাটাগুলো স্বয়ংক্রিয়ভাবে আপডেট হয়ে যাবে।

ডাটা রো, কলাম বা সেল সম্বন্ধে আলোচনা করা যাবে: উপাত্ত নিয়ে অনেকেই নিজ নিজ মত দিতে পারেন। ডিসকাশনে বিভিন্ন জনের মন্তব্য এবং একই সঙ্গে উপাত্তে আনা পরিবর্তনও দেখা যায়।



টেবলে উপস্থাপিত উপাত্তগুলো সম্বন্ধে ব্যবহারকারীরা আলোচনা করতে পারে। এজন্য যে কোনো সেলের মধ্যে কमेंট পোস্ট করা যায়। একটা টেবল সম্বন্ধে যত আলোচনা ঘটে চলেছে সেগুলো দেখা সম্ভব Discussions-এর অধীনে।



ব্যবহারকারীরা টেবল থেকে সঙ্গে সঙ্গে গ্রাফ দেখতে পারেন। ফিল্টার করা বিভিন্ন entity-র জন্যও গ্রাফ তৈরি করা এবং অন্য ব্যবহারকারীদের সঙ্গে শেয়ার করা যায়।

ফিউশন টেবল ব্যবহার করে ছোট্ট একটা ভিউ-ও তৈরি করা সম্ভব। এটি করার জন্য ফাইল থেকে View অপশন বেছে নিতে হবে, ভিউ-র জন্য কলামও নির্দিষ্ট করে দিতে হবে। ইমেইল বা ইনস্ট্যান্ট মেসেজিং-এর মাধ্যমে গোটা টেবলকে অন্য কারো সঙ্গে দ্রুত শেয়ার করার জন্য ক্লিক করতে হবে Snap it বাটনে। তাহলে আপনি টেবল-এর একটা লিঙ্ক পাবেন, এই লিঙ্কই সবার সঙ্গে শেয়ার করা যাবে। ■

এক নজরে

যাদের জন্য প্রযোজ্য: ডাটাবেস

অ্যাডমিনিস্ট্রেটর

দাম: ফ্রি

কাজ: ওয়েবে উপাত্ত ব্যবস্থাপনা

ওয়েব ঠিকানা:

www.tables.googlelabs.com

যাবে। একইভাবে, অন্যান্যদের সঙ্গে স্বচ্ছন্দে ভাগাভাগি (share) করা যাবে টেবল, আবার একাধিক লোক একই সঙ্গে উপাত্ত সম্পাদনা এবং টেবল সম্বন্ধে মতামত দিতে পারবে। শেয়ার করার পর টেবলের মালিক নিজে ঠিক করে দিতে পারবেন কোন কোন কলাম অন্য ব্যবহারকারীরা দেখতে পারবে। যদিও গুগল ডকস-এর মতই দেখতে, ফিউশন টেবল-এর কাজ অনেকটাই অন্যরকম। ফিউশন টেবলের আসল টার্গেট হল বড় বড় ডাটাবেস, এ কারণে ব্যবহারকারীরা স্বচ্ছন্দে এটি ব্যবহার করে ডাটা ফিল্টারিং, এগ্রিগেশন, মার্জ ইত্যাদি করতে পারে।

ফিউশন টেবল-এর আরেকটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে, একবার ভিজুয়লাইজেশন তৈরি করা হয়ে গেলে ব্যবহারকারীরা একটা বাটন ক্লিক করেই এর এমবেডেবল কোড পেতে এবং কোনো ওয়েব পেজ বা ব-গে ভিজুয়লাইজেশনটিকে